

ঘন কুয়াশা, ঢাকায় নামতে পারেনি ৮ ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 27 December, 2025



ঢাকা: ঘন কুয়াশার কারণে শনিবার (২৭ ডিসেম্বর) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আকাশ ঝাপসা হয়ে পড়ে। রানওয়ে স্পষ্টভাবে দেখা না যাওয়ায় ৮টি আন্তর্জাতিক ফ্লাইট নিরাপত্তার স্বার্থে বিকল্প বিভিন্ন বিমানবন্দরে পাঠানো হয়েছে।

এরমধ্যে ৩টি ফ্লাইট চট্টগ্রাম বিমানবন্দরে, ৪টি ফ্লাইট কলকাতা বিমানবন্দরে ও ১টি ফ্লাইট ব্যাংকক বিমানবন্দরে অবতরণ করে।

বিমানবন্দর সূত্র জানায়, আবহাওয়া স্বাভাবিক হলে সব ফ্লাইট অপারেশন পুনরায় স্বাভাবিকভাবে শুরু হবে। দেরি হওয়া ফ্লাইটের যাত্রীদের জন্য এয়ারলাইনগুলো প্রয়োজন অনুযায়ী খাবার ও হোটেল সুবিধা প্রদান করছে।

-B